



নাসীরুদ্দীন পাটওয়ারীর পদত্যাগের গুঞ্জন ভিত্তিহীন: এনসিপি



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর পদত্যাগের খবরটি সম্পূর্ণ মিথ্যা ও গুজব বলে জানিয়েছে দলটি।

বৃহস্পতিবার (২৪ অক্টোবর) গভীর রাতে এনসিপির যুগ্ম সদস্যসচিব (দফতর) সালেহ উদ্দিন সিফাত স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, “নাসীরুদ্দীন পাটওয়ারী এখনও জাতীয় নাগরিক পার্টির মুখ্য সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি দলের নিবন্ধন-সংক্রান্ত কাজে সক্রিয় রয়েছেন এবং বিভিন্ন উইংয়ের কার্যক্রম তদারকি করছেন। তার পদত্যাগের খবর সম্পূর্ণ ভিত্তিহীন।”

একই রাতেই এনসিপির সিনিয়র যুগ্ম মুখ্য সমন্বয়ক আব্দুল হান্নান মাসউদ তার ভেরিফায়েড ফেসবুক আইডিতে পোস্ট দিয়ে বিষয়টি স্পষ্ট করেন। তিনি লেখেন, “নাসীরুদ্দীন পাটওয়ারীর পদত্যাগের যে খবরটি কিছু গণমাধ্যমে ছড়ানো হয়েছে, তা নিছক গুজব। আমরা এমন বিভ্রান্তিকর তথ্য প্রচারের তীব্র নিন্দা জানাই।”

এর আগে বৃহস্পতিবার মধ্যরাতে কয়েকটি সংবাদমাধ্যমে এনসিপির অভ্যন্তরীণ সূত্রের বরাতে দিয়ে নাসীরুদ্দীন পাটওয়ারীর পদত্যাগের দাবি তোলা হয়। পরবর্তীতে বিষয়টি সামাজিক মাধ্যমে আলোচনার জন্ম দেয়।

তবে দলীয় ব্যাখ্যা প্রকাশের পর এনসিপির পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছে— নাসীরুদ্দীন পাটওয়ারী এখনো দলের গুরুত্বপূর্ণ দায়িত্বে বহাল আছেন, এবং তার পদত্যাগের খবর নিছক অপপ্রচার।